

বাড়ির কাজ - ৬

শ্রেণি: চতুর্থ

শিক্ষার্থীর নামঃ

নির্দেশনাঃ “আজকে আমার ছুটি চাই” গল্পটি মনোযোগ সহকারে পড়ি ও অনুশীলনীর কাজগুলো আলাদা পৃষ্ঠায় লিখি।

বিষয়ঃ বাংলা

## অনুশীলনী

### ১. জেনে নিই।

ক. চিঠি কয়েক রকম হতে পারে। যেমন- ব্যক্তিগত চিঠি, পারিবারিক চিঠি, নিমত্তণ পত্র,  
ব্যবসায়িক চিঠি, দাঙুরিক চিঠি, অনুরোধ পত্র বা আবেদন পত্র ইত্যাদি।

খ. চিঠির মধ্যে সাধারণত কয়েকটি অংশ থাকে। যেমন-

১. যেখান থেকে চিঠি লেখা হচ্ছে সে জায়গার নাম, ঠিকানা ও তারিখ

২. সম্বোধন বা সম্ভাষণ

৩. মূল বক্তব্য (ভেতরে যে কথাগুলো থাকে)

৪. বিদায় সম্ভাষণ (পত্রের ইতি টানা)

৫. প্রেরকের (যে চিঠি পাঠাচ্ছে তার) নাম ও ঠিকানা

৬. প্রাপকের (যে চিঠি পাবে তার) নাম ও ঠিকানা

গ. চিঠি চলিত ভাষাতেই লেখা উচিত।

### ২. নিচের প্রশ্নগুলোর উত্তর বলি ও লিখি।

ক. শাহীন কেন চিঠি লিখেছিল?

খ. শাহীন কাকে কাকে চিঠি লিখেছিল?

গ. বন্ধু শেখরকে কেন শাহীন চিঠি লিখেছিল?

ঘ. চিঠি লেখার ফলে শাহীনের কী লাভ হয়েছিল?

ঙ. চিঠিতে সাধারণত কয়টি অংশ থাকে?

### ৩. শূন্যস্থান পূরণ করি।

চিঠির প্রথম অংশ ..... | দ্বিতীয় অংশ..... |

তৃতীয় অংশ..... | চতুর্থ অংশ .....

পঞ্চম অংশ ..... | ষষ্ঠ অংশ .....

### ৪. পত্র লিখি

ক. দাদুর কাছে একটা ব্যক্তিগত চিঠি লিখি।

খ. পাশের স্কুলের সাথে অনুষ্ঠিত ফুটবল খেলা দেখার জন্য চতুর্থ শ্রেণির পক্ষ থেকে ছুটি  
চেয়ে প্রধান শিক্ষকের নিকট একটা আবেদন পত্র লিখি।

### ৫. লিখল, দেবে, করছে, দেখবে, আসব, পারছি, লিখব, করলেন, জানতে - এগুলো

সবই চলিত ভাষার ক্রিয়াপদ, যার দ্বারা কোনো কাজ করা বোঝায়।